অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2024 সালের স্টেট অভ দ্য স্টেটের চতুর্থ প্রস্তাবনা উন্মোচন করেন: 'NY SWIMS' — স্টেটব্যাপী আরো সাঁতার কাটতে বিনিয়োগ

NY SWIMS নাটকীয়ভাবে নিরাপদ একটি সাঁতারের অ্যাক্সেসকে প্রসারিত করবে এবং তীব্র তাপমাত্রার মোকাবেলা করা কমিউনিটিগুলোর জন্য বিনোদনমূলক সুযোগ সুবিধা ও রিসোর্স প্রদানের মাধ্যমে সমতার শুন্যস্থানগুলো পূরণ করবে

NY SWIMS স্টেটব্যাপী নতুন মিউনিসিপ্যাল পুল তৈরি করবে, প্রাকৃতিক জলপথগুলো সংস্কার করবে, তীব্র তাপমাত্রা প্রবণ এলাকায় ভ্রাম্যমাণ পুলগুলো স্থাপন করবে এবং নিউ ইয়র্ক স্টেটের পার্ক সিস্টেমে ঐতিহাসিক বিনিয়োগ করা শুরু করবে

নিউ ইয়র্ক স্টেট ও নিউ ইয়র্ক সিটি এক নতুন ধরনের ভাসমান সিটি ওয়াটারে +Pool তৈরিতে অংশীদারীত্ব করবে

নিউ ইয়র্ক পার্ক, পুল এবং সমুদ্র সৈকতের সংখ্যা বৃদ্ধি করবে যেখানে সাঁতারের নির্দেশনা, প্রশিক্ষণ এবং নতুন লাইফগার্ড নিয়োগ করা হবে

CDC এর পরিসংখ্যান অনুসারে 1-4 বছর বয়সী শিশুদের জন্য দেশব্যাপী মৃত্যুর প্রধান কারণ পানিতে ডুবে মৃত্যু

পুনর্নির্মাণ করা স্টেট পার্ক এবং পুলের জন্য রেন্ডারিং এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে NY SWIMS চালু করেছেন: আরো বেশি সাঁতারে নিউ ইয়র্ক স্টেটব্যাপী বিনিয়োগ তার 2024 সালের স্টেট অভ দ্য স্টেটের চতুর্থ প্রস্তাব। 1-4 বছর বয়সী শিশুরা পানিতে ডুবে মারা যাবার প্রধান কারণ এটা স্বীকার্য বিষয় এবং জলবায়ু পরিবর্তন তীব্র গরমের ঘটনাকে বাড়িয়ে তুলবে, তাই NY SWIMS অতি-প্রয়োজনীয় এলাকায় মিউনিসিপ্যাল পুল তৈরি করবে, নিউ ইয়র্কবাসীদের স্টেটের নদী এবং লেকের সাথে যুক্ত করবে, শহর অঞ্চলে পুল স্থাপন করবে এবং স্টেট পার্ক ও পুলগুলোতে বিনিয়োগ করবে। এটি স্টেটব্যাপী লাইফগার্ডের ঘাটতি, সাঁতারের নির্দেশনা বৃদ্ধি এবং পুল ও সৈকতে সুযোগ-সুবিধা বৃদ্ধির মাধ্যমে আরো বেশি নিউ ইয়র্কবাসীকে নিরাপদে সাঁতার কাটতে সহায়তা করার উদ্যোগকে প্রচার করবে।

“সাঁতারের অ্যাক্সেস শুধুমাত্র বিনোদনের মতো বিষয় নয় - এটি জনস্বাস্থ্য এবং জলবায়ু সহনশীলতার সাথে সম্পর্কিত একটি বিষয়,” **গভর্নর হোকল বলেন।** “নিউ ডিলের পর থেকে NY SWIMS হবে স্টেটব্যাপী সাঁতারের জন্য সবচেয়ে বড় বিনিয়োগ, সুবিধাবঞ্চিত কমিউনিটির জন্য অ্যাক্সেস বৃদ্ধি এবং নিউ ইয়র্ক জুড়ে শিশুদের নিরাপত্তা জনিত উন্নতি।”

নিউ ইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস বলেন, “দুই বছর আগে আমাদের অফিসে আসার সময়টিতে আমাদের একটা মিশন ছিল: জননিরাপত্তা সুরক্ষিত করা, অর্থনীতিকে চাঙ্গা করে তোলা এবং কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য এই শহরটিকে আরো বাসযোগ্য হিসেবে গড়ে তোলা। আমরা প্রতিদিন নতুন সাঁতারের পরিকাঠামো সহ আমাদের শিশুদের নিরাপত্তার জন্য বিনিয়োগ করে নিউ ইয়র্কবাসীদের একটি লক্ষ্যে নিয়ে যাচ্ছি। নিউ ইয়র্ক সিটিতে +Pool, একটি একদমই নতুন ধাচের এবং উদ্ভাবনমূলক সাঁতার কাটার পুল—যেগুলো সকল নিউ ইয়র্কবাসীর জন্য সাঁতারের অ্যাক্সেসকে বাড়িয়ে তোলে সেই ধরনের পুল তৈরিতে গভর্নর হোকলের সাথে অংশীদার হতে পেরে আমি গর্বিত।”

NY SWIMS পিছিয়ে থাকা কমিউনিটি এবং তীব্র গরম প্রবণ এলাকাগুলোতে ফোকাস করে স্টেট জুড়ে সাঁতারের প্রবেশাধিকার সম্প্রসারণে বিনিয়োগ করবে। NY SWIMS সবচেয়ে প্রয়োজনীয় এলাকায় 10টি নতুন ল্যান্ডমার্ক পাবলিক সুইমিং পুল তৈরি করতে, পুলের ডিজাইনে উদ্ভাবন চালাতে এবং তীব্র তাপ মোকাবেলায় মাটির উপরে পপ-আপ স্থাপন করতে স্থানীয়দের জন্য 150 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করবে।

যেহেতু নিউ ইয়র্ক স্টেট পার্ক 2024 সালে তাদের শতবর্ষ উদযাপন করে, তাই NY SWIMS পাবলিক পার্কগুলোকে নতুন, অত্যাধুনিক সাঁতারের সুবিধা প্রদান করে যা প্রতিদিন হাজার হাজার দর্শকদের সেবা প্রদান করতে পারে তা নিশ্চিত করতে কয়েক দশকের কমিয়ে আনা বিনিয়োগকে বাড়িয়ে দিবে।

নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্ক সিটির সাথে +Pool ও একটি ফিল্টার করা ভাসমান পুলের লক্ষ্যে অংশীদারিত্ব গড়ে তুলবে যেটা নিউ ইয়র্কের নদীগুলোতে বসানো যেতে পারে এবং যৌথভাবে একটি প্রদর্শনী প্রকল্পের অর্থায়নের মাধ্যমে প্রাণবন্ত হয়ে উঠবে যা নিশ্চিত করবে যে, এই উদ্ভাবনী মডেলটি সাঁতারুদের নিরাপদ অ্যাক্সেস দিতে পারে।

সাঁতারের জন্য নিরাপদ এবং সুবিধাজনক সুযোগের অসমতা ভিত্তিক অ্যাক্সেস অনেক বেশি নিউ ইয়র্কবাসীকে পানির সাথে সম্পৃক্ত হওয়ার এবং পানি থেকে মৌলিক সুরক্ষার দক্ষতা শেখার সুযোগকে ব্যাহত করেছে। নিউ ইয়র্ক স্টেটে ডুবে যাওয়ার ঘটনাগুলো সাম্প্রতিক বছরগুলোতে রেকর্ড পরিমাণে বৃদ্ধি পেয়েছে, 2021 সালে 230 জন নিউ ইয়র্কবাসী (গত বছরের তথ্য পাওয়া যায়) এবং 2017 থেকে 2021 সাল পর্যন্ত 1,000 জনের বেশি নিউ ইয়র্কবাসীর প্রাণহানীর দাবী করা হয়। মার্কিন যুক্তরাষ্ট্রে এক থেকে চার বছর বয়সী শিশুদের মধ্যে ডুবে যাওয়ার ঘটনায় প্রাণহানীর প্রধান কারণ হিসেবে দাড়িয়েছে এবং এটি 5 থেকে 14 বছর বয়সী শিশুদের প্রাণহানীর দ্বিতীয় প্রধান কারণও এটিই। নিরাপদ সাঁতারের সুযোগে ন্যায়সঙ্গত এবং ব্যাপক প্রবেশাধিকার না থাকলে কম সংখ্যার মানুষই মৌলিক সাঁতার এবং পানি থেকে সুরক্ষার যে দক্ষতা সেটা শিখতে পারবে এবং আরো বেশি মানুষ লাইফগার্ড ছাড়াই অনিরাপদ জলপথে সাঁতার কাটবে

এবং প্রতি বছর আরো বেশি পরিমাণে প্রতিরোধযোগ্য পানিতে ডুবে মৃত্যুর মতো ঘটনা ঘটতে থাকবে।

অতি-প্রয়োজনীয় এলাকায় মিউনিসিপ্যাল পুল তৈরি করা

NY SWIMS স্টেট পার্কগুলোর তত্ত্বাবধানে এবং স্টেট অভ নিউ ইয়র্কের ডরমিটরি অথরিটি (Dormitory Authority of the State of New York, DASNY) এর মাধ্যমে পরিচালিত স্টেটব্যাপী অতি-প্রয়োজনীয় এলাকায় পুলগুলোর সংস্কার এবং নির্মাণের সুবিধার্থে একটি প্রতিযোগিতামূলক 60 মিলিয়ন মার্কিন ডলার অনুদান কর্মসূচি তৈরি করবে। স্থানীয় মিউনিসিপ্যালিটিগুলো NY SWIMS এর মাধ্যমে পাবলিক পুল প্রকল্পগুলোর অনুদানের জন্য আবেদন করতে পারে। NY SWIMS এর বরাদ্দটি মূলধন সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়ের সাথে সুইমিং পুলের নকশা এবং নির্মাণ বা সংস্কারের জন্য তহবিল ব্যবহার করা যেতে পারে যার মধ্যে সাইটের অবকাঠামো, স্প্ল্যাশ প্যাড, ডাইভিং বোর্ড এবং স্লাইড, বাথরুম এবং চেঞ্জিং রুম, রেয়াৎ, ভূমি অধিগ্রহণ এবং স্থানীয় কমিউনিটির জন্য একটা মান তৈরি করে এমন ধরনের বিভিন্ন বৈশিষ্ট্য সেটাতে অন্তর্ভুক্ত থাকবে।

নিউ ইয়র্কবাসীরা নদী এবং লেকের সাথে কিভাবে সম্পৃক্ত তা পুনরায় কল্পনা করা

নিউ ইয়র্কবাসীরা নদী এবং লেক সহ কিভাবে পানির সাথে সম্পৃক্ত হতে পারে তা পুনর্বিবেচনা করতে সহায়তার জন্য নিউ ইয়র্ক সাঁতারের অবকাঠামোতে সত্যিকারের উদ্ভাবনকে উৎসাহিত করার উপায় এবং অর্থায়নের সুযোগ তৈরি করবে। পানির প্রাকৃতিক পরিবেশে নিউ ইয়র্কবাসীরা যাতে নিরাপদে সাঁতার কাটতে পারে সে সুযোগ প্রদানের জন্য উদ্ভাবনমূলক, ভাসমান পুল তৈরিতে মিউনিসিপ্যালগুলোকে প্রতিযোগিতামূলক অনুদান তহবিলে গভর্নর হোকল 60 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবেন। ভাসমান পুলগুলো সকল উপযুক্ত জনস্বাস্থ্যের মানদণ্ড পূরণ করে তা নিশ্চিত করতে সহায়তার জন্য নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ এমন নির্দেশনা প্রদান করবে যা প্রতিষ্ঠানগুলোকে স্টেটের প্রাকৃতিক পানিতে উদ্ভাবনী সুইমিং পুল ডিজাইনের সম্ভাব্যতা যাচাই করার অনুমতি দিবে।

নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক সিটি +Pool ও একটি অত্যাধুনিক সাঁতার কাটতে সুযোগ-সুবিধার পুল তৈরিতে সহায়তা করবে যেটি নিউ ইয়র্ক সিটির আশেপাশের পানিতে ভাসমান থাকবে। গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস ঘোষণা করেছেন যে স্টেট এবং সিটি যৌথভাবে একটি +Pool প্রদর্শনী প্রকল্পে অর্থায়ন করবে যা 2024 সালের গ্রীষ্মে যাচাই করে দেখা হবে এবং পরবর্তী বছরে জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে।

শহরের পরিবেশে পুল স্থাপন করা

গ্রীষ্মের তীব্র তাপমাত্রার মাঝে টিকে থাকতে এবং শহরের পরিবেশে সাঁতারের সুযোগগুলোকে সরাসরি একীভূত করতে সহায়তার জন্য ছোট, ভ্রাম্যমাণ, পপ-আপ সুইমিং পুলগুলোর অর্থায়নের জন্য স্টেট 30 মিলিয়ন মার্কিন ডলারের একটি উদ্ভাবনী মিউনিসিপ্যাল অনুদান কর্মসূচি তৈরি করবে। এই পুলগুলো হবে ভ্রাম্যমাণ বা অস্থায়ী সুযোগ-সুবিধা সম্পন্ন যা ব্লক পার্টি, পার্ক, ইভেন্ট বা খোলা জায়গায় নিয়ে যাওয়া যায়।

যেহেতু নিউ ইয়র্ক স্টেট এক্সট্রিম হিট অ্যাকশন প্ল্যান ওয়ার্ক গ্রুপের মাধ্যমে সুপারিশ করা হয়েছে তাই পার্ক এবং সাঁতারের জায়গাগুলোর মতো বাইরে শীতল হওয়ার সুযোগ এবং

বিনোদনমূলক রিসোর্সগুলো বাড়ির ভেতরে শীতল হওয়ার সুযোগ-সুবিধাবঞ্চিত কমিউনিটি এবং অতি-ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য অত্যাবশ্যক। তীব্র তাপ থেকে সাময়িক আরামদায়ক পরিবেশ প্রদান করতে পারে এমন পুলের মতো জায়গাগুলোতে অ্যাক্সেস বাড়িয়ে তোলাটা ভোগান্তিতে থাকা কমিউনিটিগুলোর জন্য অতিরিক্ত আশ্রয় হিসেবে গণ্য হবে।

পুলগুলো আকারে বড় আকারের অবকাঠামো যেমন ব্রুকলিন ব্রিজ পার্কে বিগত পাঁচ বছর ধরে ব্যবহৃত বড় আকারের অস্থায়ী পুল ও সরঞ্জামগুলোর মতো থেকে শুরু করে ছোট "কনটেইনার"-আকারের পুল যেটা সমতল রাস্তায় স্থাপন করা যেতে পারে।

আমাদের স্টেট পার্ক ও পুলের জন্য বিনিয়োগ

নিউ ইয়র্ক স্টেট পার্কের শতবর্ষ উদযাপনের সময় গভর্নর হোকল পাবলিক সুইমিং সরঞ্জামগুলোর জন্য বিনিয়োগের একটি ঐতিহাসিক মাত্রাকে অতিক্রম করবেন। কয়েক দশকের বন্ধ এবং কাটব্যাকের বদলে গভর্নরের পরিকল্পনা স্টেট জুড়ে সরঞ্জামসমূহের সংস্কার বা পুনর্গঠন করবে যার মধ্যে রয়েছে:

- **হ্যারিম্যান স্টেট পার্কের লেক সেবাগো সৈকতের নতুন করে ডিজাইন করা**, যেটি হ্যারিকেন আইরিনের ক্ষতির কারণে 2011 সাল থেকে বন্ধ রয়েছে। দর্শনার্থী এবং হাইকাররা বিস্তৃত পরিসরের এই পুনর্বাসন প্রকল্পের মাধ্যমে আগের মতো করেই শীঘ্রই শীতল হওয়ার জন্য আশ্রয় নিতে পারে এবং আবারো সেবাগো লেকে সাঁতার কাটতে পারবে।
- **জোন্স বিচ ইস্ট বাথহাউস,** যদিও আইকনিক ও ঐতিহাসিক জোন্স বিচ স্টেট পার্ক অবকাঠামোর সবশেষ প্রধান অংশটিতে গত 10 বছরের সংস্কার থেকে শুরু করে আজ অবধি কোনো উন্নয়ন করা হয়নি, তবে এটি ভবিষ্যত প্রজন্মের উপভোগের জন্য নতুন করে ডিজাইন করা হবে এবং নতুন করে পরিকল্পনা সাজানো হবে। পার্ক সিস্টেমের শতবর্ষের ধারণার মাধ্যমে স্টেট পার্কগুলো একটি পরিত্যক্ত পুল কমপ্লেক্সকে একটি গন্তব্যস্থানের মতো স্প্রে পার্কে পরিবর্তিত করবে, শিশু এবং অনভিজ্ঞ সাঁতারুদের একটি ছোট, নিয়ন্ত্রিত পরিবেশে নিরাপদে থাকতে সাহায্য করার জন্য একটি একদম নতুন ধরনের সাঁতার শিখনের ব্যবহার চালু ও অন্তর্ভুক্ত করবে।
- **সোজার্নার ট্রুথ স্টেট পার্ক,** এক সময়ের সিমেন্ট, ইট তৈরি, খনন এবং বরফ তৈরির স্থাপনাটি এখন নিউ ইয়র্কের সবচেয়ে নতুন পার্কে পরিণত হয়েছে। বাড়তি বিনিয়োগের মাধ্যমে কোয়ারি লেকে একটি ভাসমান সাঁতার অবকাঠামো সংযুক্ত করার জন্য পার্কটি সম্প্রসারিত করা হবে।

রেন্ডারিংগুলো দেখা যাবে [এখানে]।

গভর্নর হোকল এই প্রকল্পগুলো ছাড়াও বিদ্যমান অবকাঠামোতে বিনিয়োগ করার সময় সক্ষমতা বাড়াতে আমাদের স্টেটের পার্কগুলোতে বার্ষিক মূলধন বিনিয়োগ বাড়াবেন। কমিউনিটির কাছে এটি স্টেট জুড়ে আরো বেশি বিনোদনমূলক রিসোর্স নিয়ে আসবে৷ সাঁতারের জন্য এই সকল গুরুত্বপূর্ণ প্রকল্পগুলো সরাসরি অ্যাক্সেসকে বাড়িয়ে তুলবে এবং আরো বেশি মানুষকে সাঁতার শিখতে সহায়তা করবে এবং সুবিধাবঞ্চিত কমিউনিটির জন্য শীতল হওয়ার সুযোগ প্রদান করবে।

আরো লাইফগার্ড এবং সাঁতারে নির্দেশনা প্রদান
নিরাপদ সাঁতারের সময়ের যে নিয়ম সেটাকে উল্লেখযোগ্যভাবে সীমাবদ্ধ করে এমন লাইফগার্ডের ঘাটতি মোকাবেলা করার জন্য স্টেট কর্মঘণ্টা বাড়াতে, সাঁতার প্রোগ্রামের জন্য কর্মী সংখ্যা বৃদ্ধি এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে জন-সমুদ্র সৈকত ও পুলগুলোতে অ্যাক্সেস বৃদ্ধিতে সহায়তার জন্য লাইফগার্ডের খরচ প্রদান সংশ্লিষ্ট বিষয়ে মিউনিসিপ্যালিটিকে বাড়তি অর্থ প্রদানের জন্য স্টেট ডিপার্টমেন্টের মাধ্যমে একটি অনুদান প্রোগ্রাম অফার করবে।

স্টেট পার্কে বিনামূল্যে সাঁতার শেখার বিষয়টিকে নতুন করে চালু করা
স্টেট পার্কগুলো 2024 সালে পানি সুরক্ষা নির্দেশিকা প্রোগ্রামগুলো অফার করে এমন পুল এবং সৈকতের সংখ্যা দ্বিগুণেরও বেশি করবে - 7 থেকে 17 - আগামী বছরগুলোতে অতিরিক্ত সৈকত এবং পুলগুলোতে পর্যায়ক্রমে তা করা হবে।

শিশুদের পুলে নিয়ে যাওয়া
নিউ ইয়র্ক পানিতে সাঁতারের নির্দেশনার জন্য সামার ও সোলডার সেশনে বাড়তি সাঁতার সরঞ্জামগুলো ব্যবহার করার পাশাপাশি চিহ্নিত করতে সহায়তার জন্য মিউনিসিপ্যালিটির সাথে অংশীদারিত্ব তৈরি করবে। স্টেট পার্কগুলো কানেক্ট কিডস প্রোগ্রামের মাধ্যমে যেখানে সাঁতার শেখানোর অফার করা হয় সেখানে শিক্ষার্থী ও তাদের পরিবারগুলোকে সেই ফ্যাসিলিটিতে নিয়ে যাওয়ার জন্য কাজ করবে৷

SUNY পুল কমিউনিটির অ্যাঙ্কর তৈরি করা
গভর্নর হোকল স্টেটের প্রতিটি অঞ্চলে সাঁতার শেখার সুযোগ বাড়াতে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY)-কে স্কুল, তরুণ-তরুণী এবং কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠানসমূহ এবং মিউনিসিপ্যালিটির সাথে সহযোগিতার জন্য নির্দেশনা প্রদান করবেন। এছাড়াও, নিউ ইয়র্ক SUNY শিক্ষার্থীদের মধ্যে যাদেরকে লাইফগার্ড সার্টিফিকেশন পরীক্ষার খরচ প্রদান করে লাইফগার্ড হওয়ার জন্য দক্ষ সাঁতারু এবং যাদেরকে লাইফগার্ড প্রশিক্ষণ কোর্সের জন্য কলেজ ক্রেডিট দেওয়ার মাধ্যমে দক্ষ সাঁতারু হিসেবে গড়ে তোলা হয়েছে তাদেরকে অনুপ্রেরণা যোগাবে।

বিনামূল্যে সানস্ক্রিন
গভর্নর হোকল রোদের নীচে নিরাপদে থাকতে এবং বাইরের পরিবেশকে উপভোগ করতে পরিবারগুলোকে সহায়তা করার জন্য বিনামূল্যে সানস্ক্রিন অফার করতে স্টেট পার্কের পুলগুলোতে একটি পাইলট প্রোগ্রাম শুরু করবেন।

নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি রবার্ট জে. রদ্রিগেজ বলেন, "স্টেট ডিপার্টমেন্টের কার্যক্রমের পরিধি, সমৃদ্ধি ত্বরান্বিত করতে এবং জননিরাপত্তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট জুড়ে মিউনিসিপালগুলোর সাথে কাজের একটি দীর্ঘ ও সফল ট্র্যাক রেকর্ড রয়েছে। এই নতুন প্রোগ্রামটি হলো একটি বাড়তি টুল যা আমাদেরকে পাবলিক পুল এবং সৈকতগুলোতে আরো ভালো অ্যাক্সেস প্রদান করতে এবং নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান আরো উন্নত করতে স্থানীয় সরকারের সাথে কাজ করার সুযোগ সৃষ্টি করে দেয়। আমি এই সৃজনশীল উদ্যোগের জন্য

গভর্নর হোকলকে সাধুবাদ জানাই যা স্টেট জুড়ে পরিবারগুলোকে সাঁতার কাটার জন্য একটি নিরাপদ জায়গা নিশ্চিত করবে।"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের কমিশনার ডা. জেমস ম্যাকডোনাল্ড বলেন। "যেহেতু আমরা সমতার শূন্যস্থান পূরণ করতে এবং স্বাস্থ্যসেবার বৈষম্যের অবসান ঘটাতে চাই, তাই গভর্নর হোকলের নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট আমাদের জনস্বাস্থ্য বিনিয়োগ বাড়াচ্ছে এবং সকল কমিউনিটির জন্য স্বাস্থ্যকর বিনোদনের সুযোগ প্রসারিত করছে। NY SWIMS হলো কয়েক দশকের মধ্যে সাঁতারুদের স্টেটব্যাপী সবচেয়ে বড় বিনিয়োগ এবং স্টেট অভ দ্য স্টেট এর এই অগ্রাধিকারগুলো নতুন লাইফগার্ডদের প্রশিক্ষণ, সাঁতারের নিরাপত্তা বৃদ্ধি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য সাঁতারে অ্যাক্সেস বর্ধিত করার জন্য আমাদের যে প্রতিশ্রুতি সেটাকেই তুলে ধরে।"

নিউ ইয়র্ক স্টেট পার্ক, রিক্রিয়েশন এবং হিস্টোরিক প্রিজারভেশন অফিসের কমিশনার এরিক কুলেসিড বলেন, "সাঁতার হলো আমাদের পার্কগুলোতে সবচেয়ে জনপ্রিয় আনন্দদায়ক একটি কাজ – এবং এটাই হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি দক্ষতা যা আমরা আমাদের শিশুদের শেখাতে পারি। নিউ ইয়র্কবাসীদের সাঁতার কাটার জন্য অত্যন্ত প্রয়োজনীয় বিকল্পগুলো প্রসারিত করার জন্য এই দূর্দান্ত পরিকল্পনার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি এবং এটি করার সময় তাদের নিরাপদে থাকতে সাহায্য করি।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্টের এনভায়রনমেন্টাল কনজারভেশন কমিশনার এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের কো-চেয়ার বাসিল সেগোস বলেন,"রেকর্ড-ব্রেকিং তাপমাত্রার আরো এক বছর পরে তীব্র তাপ এবং জলবায়ু-পরিচালিত কড়া আবহাওয়ার ঘটনাগুলো আমাদের কমিউনিটিগুলোকে আগের চেয়ে অনেক বেশি নেতিবাচকভাবে প্রভাবিত করছে। বাইরের পরিবেশ উপভোগ করতে এবং নিরাপদে বিনোদন নিতে নিউ ইয়র্কবাসীর প্রস্তুতি নিশ্চিত করার সময় পুল এবং বিশ্বমানের সাঁতারের সুযোগ বাড়ানোর জন্য, বিশেষ করে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে এই জাতীয় নেতৃস্থানীয় প্রচেষ্টার জন্য আমি গভর্নর হোকলের প্রতি ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন